গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা উপ মহাপরিদর্শকের কার্যালয়, বরিশাল বিভাগ
সদর দপ্তর, বরিশাল
baridiv@gmail.com

পত্র নং-৫৮.০৪.০৬০০.০৬৭.০৩.০১.২২- ২০৮৯

তারিখঃ ০৪ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিভাগীয় দপ্তর বরিশালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এ কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী নৈতিকতা কমিটির সভার কাযবিবরণীঃ

সভাপতি : জনাব টিপু সুলতান
কারা উপ মহাপরিদর্শক, বরিশাল বিভাগ।

সভার স্থান : কারা উপ মহাপরিদর্শকের সভা কক্ষ

সভার তারিখ ও সময় : ২২-০৯-২০২২ খ্রিঃ; সকাল ১০.০০ ঘটিকায়।

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বিভাগীয় দপ্তরের নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট, সিনিয়র জেল সুপার জনাব রত্না রায় সভাকে জানান ২০২২-২০২৩ অর্থবছরে বিভাগীয় দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম অংশে 'নৈতিকতা কমিটির' সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভূক্ত রয়েছে। সভায় নৈতিকতা কমিটির কর্মপরিধি অনুযায়ী বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও এ কার্যালয়ের শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায় চিহ্নিতকরণ ও দূরীকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

অত:পর সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম নিয়ে নিম্নোক্ত অলোচনা ও সিদ্ধান্ত গ্রহীত হয়।

| ক্রম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | **শুদ্ধাচার প্রতিষ্টার ক্ষেত্রে অর্জিত সাফল্যঃ** সভাপতি এ দপ্তরের শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য সম্পর্কে জানতে চাইলে হিসাবরক্ষক জনাব মজিবুর রহমান জানান যে, চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>ক) শুদ্ধাচার প্রতিষ্ঠার ত্রৈমাসিক ভিত্তিতে নৈতিকতা কমিটির সভা আয়োজন করা হচ্ছে।<br>খ)শুদ্ধাচার প্রতিষ্ঠার অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করা হচ্ছে।<br>গ) শুদ্ধাচার সংক্রান্ত নিয়মিত প্রশিক্ষণের অয়োজন করা হচ্ছে।<br>ঘ) দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম হিসেবে দুর্নীতি প্রতিরোধবিষয়ক কর্মশালা অয়োজন করা হচ্ছে। | ১। এ দপ্তরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতিটি সূচক ভিত্তিতে কাযক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। কর্মপরিবেশ উন্নয়নে বিভাগীয় দপ্তরের সামনে মনোরম ফুলের বাগান পরিচর্যা ও পরিচ্ছন্নতা অভিযান গ্রহণ করার সিদ্ধন্ত হয়। | ১। হিসাব রক্ষক বিভাগীয় দপ্তর।<br><br>২। সহকারী প্রধান কারারক্ষি, বিভাগীয় দপ্তর। |
| ২. | **বিবিধঃ** সভাপতি বলেন যে, শুদ্ধাচার কৌশল পরিকল্পনার ক্রমিক নং-৩.২ এ বর্ণিত বিভাগীয় দপ্তরের আওতাধীন প্রধান কারারক্ষি, সহকারী প্রধান কারারক্ষি, কারারক্ষি ও মহিলা কারারক্ষিদের জিপিএফ অগ্রীম উত্তোলনের ক্ষেত্রে আবেদনকারীর মোবাইলে এসএমএস এর মাধ্যমে অবহিত করা হবে। সম্প্রতি সরকারী আফিস সময়সূচি পরিবর্তন হয়েছে। নির্ধারিত সময়ে অফিসে আগমন ও প্রস্থান করা শুদ্ধাচারের অন্তর্ভূক্ত। | ১। বিভাগস্থ কারাগার সমূহের কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে বিষয়টি রোলকল ও দরবারে সংশ্লিষ্টদের অবহিত করার ব্যবস্থা গ্রহন করা।<br>১। সরকার নির্ধারিত সময়ে সকল কর্মকর্তা/কর্মচারীকে অফিসে আগমনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র জেল সুপার/জেল সুপার বিভাগস্থ সকল কারাগার ও হিসাবরক্ষ বিভাগীয় দপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| | তিনি নির্ধারিত সময় সকল কর্মকর্তা/কর্মচারীকে অফিসে আগমনের পরামর্শ প্রদান করেন। এছাড়াও সভাপতি সরকারি ব্যয়ের কৃচ্ছতা সাধন, বিদ্যুতের অপচয় রোধ করার জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন। | ২। সকল সরকারি ব্যয়ে কৃচ্ছতা সাধন এবং অফিসে অপ্রয়োজনীয় বিদ্যুতের ব্যবহার পরিহার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র জেল সুপার/জেল সুপার বিভাগস্থ সকল কারাগার ও হিসাবরক্ষ বিভাগীয় দপ্তর। |

সভাপতি, মহোদয় সকলকে দাপ্তরিক কার্যক্রম ও জীবনাচরণে নৈতিকতা চর্চার অহবান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞান করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২২/০৯/২০২২
টিপু সুলতান
বিজে-০১৭২০২০০২৯৭
কারা উপ মহাপরিদর্শক
বরিশাল বিভাগ, বরিশাল।

পত্র নং-৫৮.০৪.০৬০০.০৬৭.০৩.০১.২২-২০৬৭

তারিখঃ ০৪ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**অনুলিপি জ্ঞাতার্থে ও কাযার্থেঃ**

সিনিয়র জেল সুপার
বরিশাল কেন্দ্রীয় কারাগার।

জেল সুপার
পটুয়াখালি/বরগুনা/ভোলা/ঝালকাঠি/পিরোজপুর জেলা কারাগার।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ**

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।